(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩৩০.১৬-৬৮ তারিখ ঃ ০২ অক্টোবর, ২০১৮খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাইতেছে যে, ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি.-এ অনুষ্ঠেয় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক সম্ভাব্য তালিকা (Probable list) ০৬/১০/২০১৮ খ্রি. তারিখে বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাইবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত ফি জমা দিয়া নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ (Form Fill-up) করিতে হইবে। ফরম পূরণের তারিখ ও সময় এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এতদ্সঙ্গে দেওয়া হইল।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা পরবর্তীতে যথাসময়ে বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাইবে।

পরীক্ষার্থীদের শ্রেণিবিন্যাস, ফি গ্রহণ এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে ফি জমা দেওয়ার নিয়মাবলি নিম্নে বর্ণিত হইল ঃ

১. পরীক্ষার্থীদের শ্রেণি বিন্যাস (নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন) ঃ

১.১ ২০১৮ শিক্ষাবর্ষে এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) শিক্ষাক্রমের দশম শ্রেণিতে অধ্যয়নরত সকল ছাত্র/ছাত্রী ২০১৯ খ্রি. অনুষ্ঠেয় এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হইবে।

১.২ ২০১৮ সনের এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় বিভিন্ন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য পরীক্ষার্থীগণ ২০১৯ সনের এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করিতে পারিবে।

১.৩ বিদ্যমান প্রবিধান অনুযায়ী একজন শিক্ষার্থী স্বাভাবিক ৪ শিক্ষাবর্ষের জন্য নিবন্ধিত থাকিবে। তবে মেয়াদ উত্তীর্ন নিবন্ধনের ক্ষেত্রে অব্যবহিত ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। এইরূপ শিক্ষার্থীদের ফরম পূরণের পূর্বেই নিবন্ধন শাখা হইতে নিবন্ধন নবায়ন করিয়া নিতে হইবে।

১.৪ 'মান উন্নয়ন' পরীক্ষার্থী হিসাবে শুধুমাত্র ২০১৮ সনে উত্তীর্ণ শিক্ষার্থী মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে। তবে,তাহাদের নিয়মিত পরীক্ষার্থীর মতই পরীক্ষার ফিস প্রদানসহ দশম শ্রেণির লিখিত ও ব্যবহারিক সমাপনী সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই ক্ষেত্রে স্বাভাবিক ফি-এর অতিরিক্ত ৫০০/- (পাঁচশত) টাকা মান উন্নয়ন ফি প্রদান করিতে হইবে। মান উন্নয়নের আবেদনের হার্ডকপি আলাদাভাবে জমা দিতে হইবে।

১.৫ যে সকল অনিয়মিত পরীক্ষার্থী ২০১৮ সনে অনুষ্ঠিত এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় অথবা পূর্বে অনুষ্ঠিত এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা পূর্বে এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অনুত্তীর্ণ হইয়াছে তাহাদিগকে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অতিরিক্ত ৩০০/- টাকা হারে সংযোগরক্ষাকারী ফি প্রদান করিয়া নির্ধারিত বিবরণীতে পূর্ণ তথ্য (পূর্ববর্তী পরীক্ষার সন ও রোল নম্বর) লিপিবদ্ধ করিতে হইবে। অনিয়মিত পরীক্ষার্থী সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে ২০১৮ সালে অনুষ্ঠিত পরীক্ষার প্রবেশপত্র দাখিল করিতে হইবে, অন্যথায় সংযোগ রক্ষাকারী ফি প্রদান করিতে হইবে।

অব্যাহত .....

২. *ফরম পূরণ ও ব্যাংক ড্রাফটসহ ফাইনাল লিস্টের প্রিন্ট আউট/হার্ডকপি বোর্ডে জমা প্রদান নিম্নোক্ত ছক মোতাবেক সম্পন্ন করিতে হইবেঃ*

অন লাইনে ফরম পূরণের তারিখ	বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট (DD) করার শেষ তারিখ	৩০০/- টাকা হারে বিলম্ব ফিসহ অন-লাইনে ফরম পূরণ ও ব্যাংক ড্রাফট(DD) করার শেষ তারিখ	ফাইনাল লিস্ট প্রিন্টের তারিখ	অন-লাইনে ফরম পূরণের চূড়ান্ত তালিকা (Final List), প্রবেশপত্র সামারি ও ব্যাংক ড্রাফট (DD) জমা দেওয়ার তারিখ (বিলম্বসহ)		মন্তব্য
				প্রতিষ্ঠান কোড	তারিখ	
০৭/১০/২০১৮ খ্রি. হইতে ৩০/১০/২০১৮ খ্রি. পর্যন্ত । (সকল বিভাগ)	৩১/১০/২০১৮ খ্রি. তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট (DD) করিয়া প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে । (সকল বিভাগ)	৩১/১০/২০১৮ খ্রি. হইতে ০৪/১১/২০১৮ খ্রি. পর্যন্ত এবং ০৫/১১/২০১৮ খ্রি. তারিখে ব্যাংক ড্রাফট (DD) করিয়া প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে। (সকল বিভাগ)	৩১/১০/২০১৮ খ্রি. হইতে ০৫/১১/২০১৮ খ্রি. পর্যন্ত । (সকল বিভাগ)	১১০০১-১৬০৩০	০৩/১২/২০১৮ খ্রি.	• *TC, PC এর হার্ডকপি প্রত্যেক প্রতিষ্ঠান তার কেন্দ্রের মাধ্যমে প্রবেশপত্র গ্রহণের সময় জমা দিবে।*
				১৬০৩১-২০৩০০	০৪/১২/২০১৮ খ্রি.	
				২১০০১-২৩৪০০	০৬/১২/২০১৮ খ্রি.	
				২৪০০১-২৭১৫০	০৯/১২/২০১৮ খ্রি.	
				২৮০০১-৩৬১৪২	১০/১২/২০১৮ খ্রি.	
				৩৭০০১-৪৭১০০	১২/১২/২০১৮ খ্রি.	
				৪৮০০১-৫৪৩০১	১৩/১২/২০১৮ খ্রি.	
				৫৫০০১-৫৮১৫০	১৭/১২/২০১৮ খ্রি.	
				৫৯০০১-৭৪০৪০	১৮/১২/২০১৮ খ্রি.	

২.১ উল্লিখিত নির্ধারিত তারিখের পরে প্রতিষ্ঠান কর্তৃক ফরম ফিলাপের কোন ধরনের সুপারিশ বোর্ডে প্রেরণ করা যাবে না ।

২.২ ফরম ফিলাপ সংক্রান্ত বিষয়ে কোনক্রমেই কোন শিক্ষার্থীকে বোর্ডে পাঠানো যাবে না ।

২.৩ যে সকল পরীক্ষার্থীর তথ্য Probable List –এ থাকবে না, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে Add Record দিয়ে সঠিক তথ্য পূরণ করে ফরম ফিলাপ করতে পারবে। উল্লেখ্য ভুল তথ্য প্রদানকারী শিক্ষার্থীর কোনক্রমেই প্রবেশপত্র ইস্যু করা হবে না।

২.৪ ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থী ফরম পূরণ করতে পারবে না।

২.৫ যাবতীয় নির্দেশাবলির আলোকে অন-লাইনে ফরম পূরণ করতে হবে। অন-লাইনে ফরম ফিলাপ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮, ০১৭১৬৫৯২৭৯২ নম্বরে যোগাযোগ করা যাবে।

৩. *অন-লাইনে ধারাবাহিক (TC, PC) নম্বর প্রেরণ এবং ইহার হার্ড কপি বোর্ডে জমাদান ঃ*

৩.১ ২০১৯ সনে অনুষ্ঠেয় এসএসসি (ভোক) ও দাখিল (ভোক) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক(TC) ও ব্যবহারিক ধারাবাহিক(**PC**) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে ***১৭/১২/২০১৮ খ্রি. হইতে ২৩/১২/২০১৮ খ্রি.*** তারিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করিতে হইবে এবং ইহার হার্ডকপি নিজ দায়িত্বে কেন্দ্রে জমা দিয়া কেন্দ্র সচিবের রিসিভ কপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে। হার্ডকপিতে প্রতিষ্ঠান প্রধান এবং কেন্দ্র সচিবের যৌথ স্বাক্ষর, তারিখ ও সীল থাকিবে।

৩.২ প্রবিধান অনুসারে পরীক্ষার TC, PC, PF ও IA নম্বর অধিকতর সতর্কতার সহিত পর্যালোচনা ও পর্যবেক্ষণ করিয়া (বিশেষ করিয়া পাশ নম্বর, সর্বোচ্চ নম্বর, ফেল নম্বর, অনুপস্থিত ইত্যাদি বিবেচনা করিয়া) প্রেরণ করিতে হইবে। যথা সময়ে এ নম্বর প্রেরণে ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

৩.৩ **TC, PC** -এর হার্ডকপিসমূহ বিষয়ভিত্তিক সাজাইয়া বহি আকারে বাঁধাই করিয়া জমা দিতে হইবে। কোন অবস্থাতেই হার্ডকপিসমূহ ট্রেডভিত্তিক সাজানো যাইবে না।

৩.৪ ধারাবাহিক নম্বর প্রেরণের সময় **Website** -এ কোন শিক্ষার্থীর রোল নম্বর/ রেজিঃ নম্বর না থাকিলে **Add Record** করিয়া ধারাবাহিক নম্বর প্রেরণ করিতে হইবে। কোন পরীক্ষার্থীর **TC, PC** -এর নম্বর **On-Line** -এ প্রেরণ করা না হইলে ঐ পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করা হইবে না। যে সকল পরীক্ষার্থীর ধারাবাহিক নম্বর ইতিপূর্বে প্রেরণ করা হইয়াছে তাহাদের ধারাবাহিক নম্বর পুনরায় প্রেরণ করার প্রয়োজন নাই।

৩.৫ অন-লাইনে প্রেরিত কপির হুবহু হার্ডকপিই দাখিল করিতে হইবে; কোনরূপ ঘষামাজা, হাতে লেখা বা উপরিলিখন গ্রহণযোগ্য নহে।

৪. ***চূড়ান্ত ব্যবহারিক (PF) পরীক্ষার অন-লাইন নম্বর প্রেরণ ও ইহার হার্ডকপি বোর্ডে জমাদান ঃ***

৪.১ তাত্ত্বিক পরীক্ষা শেষ হওয়ার পর পরবর্তী ০৭ দিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করিতে হইবে। ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে বোর্ড নির্ধারিত তারিখে উহার নম্বর অন-লাইনে প্রেরণ করিতে হইবে। PF নম্বরের হার্ডকপিতে অবশ্যই কেন্দ্র সচিবের স্বাক্ষর, তারিখ ও সীল থাকিবে।

অব্যাহত .....

৪.২ তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির ০৩ দিনের মধ্যে ব্যবহারিক সমাপনী পরীক্ষা অনুষ্ঠান করতে হবে। এর পরপরই অন-লাইনে ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে। অন-লাইনে প্রেরিত ব্যবহারিক নম্বরের হার্ডকপি ও হাজিরাশীট, শিরোনামপত্র, অনুপস্থিত ও বহিস্কার তালিকা অবশ্যই রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে বহি আকারে বাধাই করে নির্ধারিত তারিখে বোর্ডে জমা দিতে হবে। বহিস্কার রিপোর্টে অধ্যক্ষ/কেন্দ্র সচিবের স্বাক্ষর, তারিখ ও সীল থাকিতে হইবে।

৫. ***অন-লাইনে বাস্তব প্রশিক্ষণ (IA) মূল্যায়নের নম্বর প্রেরণ ও ইহার হার্ডকপি জমাদান ঃ*** পরীক্ষার সময়সূচিতে নির্দেশিত তারিখে মধ্যে বাস্তব প্রশিক্ষণ সমাপ্ত করিতে হইবে এবং প্রশিক্ষণের ৬ষ্ঠ সপ্তাহে বোর্ড নির্ধারিত তারিখেই ইহার নম্বর অন-লাইনে প্রেরণ করিয়া হার্ডকপি বোর্ডে জমা দিতে হইবে। IA এর হার্ডকপিতে অবশ্যই কেন্দ্র সচিবের স্বাক্ষর, তারিখ ও সীল থাকিবে। ইহার ব্যত্যয় হেতু ফলাফল প্রকাশে বিঘ্ন ঘটিলে তাহার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করিতে হইবে।

৬. *নিম্নোক্ত ছক অনুযায়ী সংশ্লিষ্ট জেলার কেন্দ্রসমূহে প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বিতরণ করা এবং TC, PC এর হার্ড কপি জমা নেওয়া হইবে ঃ*

ক্রমিক নং	তারিখ	জেলার নাম ও কোড
১.	০২/০১/২০১৯ খ্রি. (বুধবার)	পঞ্চগড় (১১), ঠাকুরগাঁও (১২), দিনাজপুর (১৩), নীলফামারী (১৪)
২.	০৩/০১/২০১৯ খ্রি.(বৃহস্পতিবার)	লালমনিরহাট (১৫), রংপুর (১৬), কুড়িগ্রাম (১৭)
৩.	০৬/০১/২০১৯ খ্রি. (রবিবার)	গাইবান্ধা (১৮), জয়পুরহাট (১৯), বগুড়া (২০)
৪.	০৭/০১/২০১৯ খ্রি. (সোমবার)	নওগাঁ (২১), চাঁপাইনবাবগঞ্জ (২২), রাজশাহী (২৩)
৫.	০৮/০১/২০১৯ খ্রি. (মঙ্গলবার)	নাটোর (২৪), সিরাজগঞ্জ (২৫)
৬.	০৯/০১/২০১৯ খ্রি. (বুধবার)	পাবনা (২৬), কুষ্টিয়া (২৭)
৭.	১০/০১/২০১৯ খ্রি.(বৃহস্পতিবার)	মেহেরপুর (২৮), চুয়াডাংগা (২৯), ঝিনাইদহ (৩০), মাগুরা (৩১), নড়াইল (৩২), যশোর (৩৩)
৮.	১৩/০১/২০১৯ খ্রি. (রবিবার)	সাতক্ষীরা (৩৪), খুলনা (৩৫), বাগেরহাট (৩৬), পিরোজপুর (৩৭), বরগুনা (৩৮)
৯.	১৪/০১/২০১৯ খ্রি. (সোমবার)	পটুয়াখালী (৩৯), ভোলা (৪০), ঝালকাঠী (৪১), বরিশাল (৪২), শরিয়তপুর (৪৩), মাদারীপুর (৪৪), গোপালগঞ্জ (৪৫)
১০.	১৫/০১/২০১৯ খ্রি. (মঙ্গলবার)	ফরিদপুর (৪৬), রাজবাড়ী (৪৭), মানিকগঞ্জ (৪৮), মুন্সিগঞ্জ (৪৯)
১১.	১৬/০১/২০১৯ খ্রি. (বুধবার)	ঢাকা (৫০), নারায়নগঞ্জ (৫১), নরসিংদী (৫২), গাজীপুর (৫৩)
১২.	১৭/০১/২০১৯ খ্রি.(বৃহস্পতিবার)	টাঙ্গাইল (৫৪), জামালপুর (৫৫), শেরপুর (৫৬)
১৩.	২০/০১/২০১৯ খ্রি. (রবিবার)	ময়মনসিংহ (৫৭), নেত্রকোণা (৫৮), কিশোরগঞ্জ (৫৯)
১৪.	২২/০১/২০১৯ খ্রি. (মঙ্গলবার)	সুনামগঞ্জ (৬০), সিলেট (৬১), মৌলভীবাজার (৬২), হবিগঞ্জ (৬৩), বি-বাড়ীয়া (৬৪), কুমিল্লা (৬৫)
১৫.	২৩/০১/২০১৯ খ্রি. (বুধবার)	চাঁদপুর (৬৬), লক্ষ্মীপুর (৬৭), নোয়াখালী (৬৮), ফেনী (৬৯), চট্টগ্রাম (৭০), খাগড়াছড়ি (৭১), রাঙ্গামাটি (৭২), বান্দরবান (৭৩), কক্সবাজার (৭৪)

আনুষঙ্গিক জ্ঞাতব্য বিষয়াবলীঃ

- বিগত সকল পরীক্ষার অব্যবহৃত উত্তরপত্র ও অব্যবহৃত অতিরিক্ত উত্তরপত্র হাতে হাতে বোর্ডে জমা দিতে হইবে। জমাদানের প্রমাণাদী প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে।
- কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের TC, PC এর হার্ডকপি সংগ্রহ করে (প্রতিষ্ঠান অনুযায়ী আলাদা আলাদা ভাবে) বোর্ডে জমা না দিলে প্রবেশপত্র সরবরাহ করা যাবে না।
- প্রবেশপত্র দেখে নিতে হবে। পরিলক্ষিত ভুল পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত সংশোধনযোগ্য। প্রবেশপত্র সংশোধন ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণ করা যাইবে না।
- উত্তরপত্র গ্রহণে সংযুক্ত চাহিদা ফরম-১ ও ২ পূরণ করিয়া আনিতে হইবে।
- উত্তরপত্র ও প্রবেশপত্র গ্রহণের জন্য ভিন্ন ভিন্ন দুইটি ফরোয়ার্ডিং আনিতে হইবে।

৭. **বিভিন্ন ফিস সংক্রান্ত বিবরণ ঃ**

ক্রমিক নং	বিবরণ	প্রতি পরীক্ষার্থী	মন্তব্য
১.	পরীক্ষার ফি	৪০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
২.	কেন্দ্র ফি	৪৫০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৩.	ব্যবহারিক বিষয়ক কেন্দ্র ফি	১০০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৪.	নম্বরপত্র ফি	৬০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৫.	বাস্তব প্রশিক্ষণ ফি	১২০.০০	বোর্ডের প্রাপ্য ৭০/- প্রতিষ্ঠান ৫০/-
৬.	@ টাঃ ২৫/- হারে ৭ বিষয়ের ব্যবহারিক ফি (ঐচ্ছিক সহ)	১৭৫.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৭.	সংযোগরক্ষাকারী ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৮.	বিলম্ব ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৯.	সনদপত্র ফি	১০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%

অব্যাহত ----

<u>ফিস আদায় ও সমর্পন/বিতরণ ঃ</u>

- নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বরপত্র ফি + বাস্তব প্রশিক্ষণ ফি + সনদপত্র ফি) বাবদ(৪০০+৬০+৭০+১০০) = ৬৩০.০০ *(ছয়শত ত্রিশ)* টাকা এবং অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি+ নম্বর পত্র ফি) বাবদ (৪০০+৬০) = ৪৬০.০০ *(চারশত ষাট)* টাকা হারে আদায়পূর্বক বোর্ডে প্রেরণ করিতে হইবে। প্রযোজ্য ক্ষেত্রে সংযোগরক্ষাকারী ফি, বিলম্ব ফি ও জরিমানা যথারীতি বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- বাস্তব প্রশিক্ষণের (১২০-৭০) = ৫০.০০ টাকা বোর্ডের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মূল্যায়ন কাজের পারিশ্রমিক হিসাবে ব্যয়যোগ্য এবং অবশিষ্ট ৭০.০০ (সত্তর) টাকা বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- কেন্দ্র ফি বোর্ডের নীতিমালা মোতাবেক কেন্দ্রে নিয়জিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বণ্টন করিতে হইবে।
- পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্রের ব্যয়ের একটি সামগ্রিক হিসাব জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর সহকারে বোর্ডে জমা দিতে হইবে।

৮. *প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট আউট হার্ড কপি/পরীক্ষার ফি জমা প্রদানের নিয়মাবলি ঃ*

৮.১ প্রতিষ্ঠান হইতে অন-লাইনে প্রেরিত যাবতীয় তথ্যের হার্ডকপি ও অন্যান্য দলিলাদি যথাসময়ে প্রতিষ্ঠান প্রধানের মনোনীত দায়িত্বশীল প্রতিনিধির মাধ্যমে বোর্ডে প্রেরণ করিতে হইবে, অন্যথায় ২,৫০০/-(দুই হাজার পাঁচ শত) টাকা জরিমানা দিতে হইবে। অসম্পূর্ণ/ভুল তথ্যযুক্ত হার্ডকপি বা ব্যাংক ড্রাফট বিহীন ফরম সরাসরি নাকচ হইবে এবং এ জন্য বোর্ড দায়ী থাকিবে না।

৮.২ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট গচ্ছিত থাকিবে। নিজ প্রতিষ্ঠান ব্যতীত অন্য শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্রাধীনে পরীক্ষা দিতে হইলে হিসাব অনুযায়ী প্রদানযোগ্য অর্থ যথাসম্ভব পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুকূলে নগদ/ব্যাংক ড্রাফটের মাধামে সমর্পন করিতে হইবে। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ হইতে বোর্ড নির্ধারিত নীতিমালা অনুসারে পরীক্ষা সমাপ্তির পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পারিশ্রমিক ও কাঁচামাল ক্রয় সংক্রান্ত ব্যয় পরিশোধ করিতে হইবে।

৮.৩ কোন প্রতিষ্ঠানের কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ কেন্দ্র বরাবরে পরিশোধ না করার অভিযোগ পাওয়া গেলে উক্ত প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত থাকিবে।

৮.৪ ব্যবহারিক পরীক্ষা ফি বাবদ আদায়কৃত অর্থ হইতে প্রতি ২ ঘন্টার বিষয়ের জন্য ৭.৫০ টাকা এবং ৩ ঘন্টা বিষয়ের জন্য ১০.০০ টাকা হারে প্রত্যেক ব্যবহারিক পরীক্ষককে (অভ্যান্তরীন/অনভ্যান্তরীন) পরিশোধ করিতে হইবে।

৮.৫ ছকে প্রদর্শিত তারিখ মোতাবেক আদায়কৃত অর্থ সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা/ সোস্যাল ইসলামী ব্যাংকের বেগম রোকেয়া সরনী শাখার অনুকূলে ***<u>সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা</u>*** এর বরাবর ব্যাংক ড্রাফটের মাধ্যমে বোর্ডে প্রেরণ করিতে হইবে। উল্লিখিত ব্যাংকের ড্রাফট/নগদ অর্থ স্বস্ব প্রতিষ্ঠানকে ব্যাংকের ভাউচারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

৮.৬ নগদ/মানি অর্ডার/চেক/পোস্টাল অর্ডার/ট্রেজারী চালানে অর্থ প্রেরণ গ্রহণযোগ্য নয়।

৮.৭ নির্ধারিত ফরয়ার্ডিং (নমুনা) এর আদল ব্যতিত কোন প্রিন্ট আউট হার্ড কপি/হিসাব বিবরনী গ্রহণ করা হইবে না।

৮.৮ নিম্নেবর্ণিত ছক (প্রযোজ্য ক্ষেত্রে) অনুযায়ী ট্রেডভিত্তিক সকল নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর বিশদ তালিকা ফাইনাল লিস্টের সহিত অবশ্যই প্রেরণ করিতে হইবে। সকল তথ্য বিবরণী A4 সাইজের কাগজে প্রেরণ করিতে হইবে ।

৯. <u>অনুসরণীয় বিশেষ নির্দেশাবলি ঃ</u>

৯.১ প্রিন্ট আউট কপিতে প্রত্যেক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের করিবার পূর্বে সকল তথ্যাদির যথাযথতা নিশ্চিত হইতে হইবে, যেহেতু এরই ভিত্তিতে প্রবেশপত্র তৈরি হইবে। প্রবেশপত্র সংশোধনের জন্য প্রিন্ট আউট কপি আবশ্যক।

৯.২ প্রবেশপত্রে বিষয় ও বিষয় কোডে ভুল থাকিলে, তা সংশোধন না করিয়া পরীক্ষায় অংশগ্রহণ করা যাইবে না।

৯.৩ বোর্ডে প্রেরিত যেকোন তথ্যের হার্ডকপি/নম্বরপত্রের/হাজিরাশীটের ফটোকপি প্রতিষ্ঠানে/কেন্দ্রে সংরক্ষণ করিতে হইবে, যাহাতে যেকোন সময় বোর্ডের চাহিদা অনুযায়ী এগুলো উপস্থাপন করিতে পারেন।

৯.৪ পরীক্ষার্থীর তথ্য (অনুপস্থিত ও বহিস্কার সংক্রান্ত), হাজিরাশীট(বই আকারে বাঁধাই করিয়া) শিরোনামপত্রের ৩য় কপি এবং সকল নম্বর পত্রের হার্ডকপি একত্রে কেন্দ্রের মাধ্যমে হাতে হাতে পরীক্ষা শেষ হইবার ৩ দিনের মধ্যে বোর্ডে জমা দিতে হইবে। অন্যথায় বোর্ড নির্ধারিত জরিমানাসহ সংশ্লিষ্ট কেন্দ্রের/প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৯.৫ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয়ভিত্তিক উত্তীর্ণমান, পূর্ণমান এবং প্রাপ্ত নম্বর ইত্যাদিসহ কারিকুলাম কোড, ট্রেডকোড, বিষয়কোড অন-লাইনে শুদ্ধরূপে প্রদান করিতে হইবে। প্রতিষ্ঠানের কোনরূপ ভুলের কারণে শিক্ষার্থীর ক্ষতি হইলে তাহার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করিতে হইবে।

৯.৬ কোন পরীক্ষার্থীর ফরম পূরণ হইলে অবশ্যই ধারাবাহিক নম্বর অনলাইনে বোর্ডে প্রেরণ করিতে হইবে (সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকিলেও)।

৯.৭ কোন পরীক্ষার্থী তাত্বিক, ধারাবাহিক এবং ব্যবহারিক ধারাবাবিক অংশে অনুত্তীর্ণ থাকিলে তাহার ফলাফল বাতিল বয়িাল গণ্য হইবে এবং দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করিতে হইবে।

অব্যাহত ---

৯.৮ ফরম ফিলাপের প্রিন্ট আউট কপি জমা দেওয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফিস হাল নাগাদ করিবার প্রত্যয়নপত্র দেখাইতে হইবে।
৯.৯ বোর্ডের রেকর্ডে প্রতিষ্ঠান প্রধানের হাল নাগাদ মোবাইল নম্বর এন্ট্রি করিয়া যাইতে হইবে ও তাঁহাকে নিয়মিত বোর্ডের ওয়েব সাইট পরিদর্শন করিতে হইবে।
৯.১০ সংশোধনী ফলাফলের জন্য ফলাফলে উল্লেখিত সময়ের মধ্যেই প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ বোর্ডে আবেদন করিতে হইবে।
৯.১১ সংশোধনীতে উত্তীর্ণ শিক্ষার্থীর পূর্বের নম্বরপত্র জমা দিয়ে বোর্ডের ৬ষ্ঠ তলা থেকে সংশোধিত নম্বরপত্র গ্রহণ করিতে হইবে।
৯.১২ সংযুক্ত চেক লিস্ট অনুযায়ী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC), ব্যবহারিক ধারাবাহিক (PC), ব্যবহারিক সমাপনী (PF) ও বাস্তব প্রশিক্ষণ (IA) এর নম্বর অনলাইনে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করিতে হইবে।

(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন-৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩৩০.১৬-৬৮ তারিখ ঃ ০২ অক্টোবর, ২০১৮খ্রি.

অনুলিপি, সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হইল ঃ

১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়)
২। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, প্রশাসনিক এলাকা, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৩। মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, প্রশাসনিক এলাকা, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৫। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৬। পরিচালক,বস্ত্র দপ্তর, বস্ত্র ভবন (৬ষ্ঠ তলা), কারওরান বাজার, ঢাকা।
৭। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। উপ পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগ।
১১। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
১২। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক--।
১৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। উপ-সচিব (প্রঃ)/ উপ-সচিব (রেজিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধকৃত)।
১৬। কারিকুলাম বিশেষজ্ঞ (ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। সহকারি মহা-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, আগারগাঁও (বিটিইবি ভবন) শাখা, ঢাকা-১২০৭।
১৮। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(১৭–১৮) হিসাব অনুযায়ী ফি গ্রহণের জন্য অনুরোধকৃত।
১৯। ডকুঃ অফিসার/প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২০। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২২। অফিসের নোটিশ বোর্ড।
২৩। সংরক্ষণ নথি ।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৪৮১১১১৬৪(অফিস)

প্রতিষ্ঠান কোড ঃ

ফরোয়াডিং নমুনা

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ---

বরাবর
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকঃ)

বিষয় ঃ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০১৯ এর প্রিন্ট আউট কপি প্রেরণ প্রসঙ্গে।

জনাব
আগামী ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিতব্য ২০১৯ সনের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় অত্র প্রতিষ্ঠানের যে সকল ছাত্র/ছাত্রী অংশগ্রহণ করিবে তাহাদের প্রিন্ট আউট হার্ড কপি তথ্য বিবরণীসহ অত্রসাথ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

পরীক্ষার্থীদের ফি প্রদানের ছক ঃ

ক্রমিক	ট্রেড	নিয়মিত/ অনিয়মিত এর সংখ্যা		প্রতিজন (হার)						মোট
				পরীক্ষার ফি	নম্বরপত্র ফি	বাস্তব প্রশিক্ষণ ফি	বিলম্ব ফি	সনদপত্র ফি	সংযোগ রক্ষাকারী ফি	
১		নিয়মিত								
		অনিয়মিত								
২		নিয়মিত								
		অনিয়মিত								
৩		নিয়মিত								
		অনিয়মিত								
৪		নিয়মিত								
		অনিয়মিত								
নিয়মিত ....জন, অনিয়মিত .... জন, মোট .... জন ।										

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল

সংযোজিত ঃ

১। ট্রেডভিত্তিক আলাদা তথ্য বিবরণীসহ মোট---------------------জন পরীক্ষার্থী

মোবাঃ

২। ব্যাংক ড্রাফটের বিবরণ ঃ

ক্রমিক	ব্যাংক ড্রাফটের নম্বর	তারিখ	টাকার পরিমাণ	ব্যাংকের শাখার নাম
০১.				
০২.				
মোট				

চাহিদা ফরম- ১

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

কেন্দ্র কোড ঃ

২০১৯ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা পরিচালনার জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরমসমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হল।

কেন্দ্রের নাম ঃ -- জেলা ঃ ------------------

ট্রেডের নাম	বর্ষ	মোট পরীক্ষার্থী	লিখিত পরীক্ষার বিষয় সংখ্যা	মোট উত্তরপত্রের সংখ্যা	মন্তব্য
অনিয়মিত পরীক্ষার্থীর জন্য উত্তরপত্র ঃ(অনিয়মিত পরীক্ষার্থীদের মোট বিষয় সংখ্যা)					

সর্বমোট

মোবাঃ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর

চাহিদা ফরম- ২

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

কেন্দ্রের নাম ঃ -- কেন্দ্র কোডঃ

জেলার নাম ঃ ----------------------- মোট পরীক্ষার্থীঃ

ক্রমিক নং	বিবরণ	মোট চাহিদা	কেন্দ্র মজুদের পরিমাণ	বর্তমান চাহিদা	মন্তব্য
১.	*উত্তরপত্র (লিথো সহ) (মোট উত্তরপত্র + ২%)*				
২.	অতিরিক্ত উত্তরপত্র (উত্তরপত্রের সমপরিমাণ)				
৩.	*বক্স (মোট পরীক্ষার্থী × মোট বিষয়)/২০০*				
৪.	*করোগেটেড সীট (মোট পরীক্ষার্থী ×বিষয়)/৫০*				
৫.	*শিরোনামপত্র (বিষয় × পরীক্ষার্থী × ৪)/১০০*				এ ফরমগুলো বোর্ডের ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে। (ওয়েবসাইট -> ডাউনলোড-> ফরম)
৬.	বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী × বিষয়)/১০০				
৭.	*হাজিরা শীট (মোট পরীক্ষার্থীর সমপরিমাণ)*				
৮.	*সনদপত্র/নম্বরপত্র উত্তোলনের আবেদন ফরম*				
৯.	*ফরম নং - ১, ২, ৩ (বহিষ্কার ফরম)*				

মোবাঃ

কেন্দ্র সচিবের স্বাক্ষর ও সীল মোহর

চেক লিস্ট

- নিম্নের লিস্ট অনুযায়ী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC), ব্যবহারিক ধারাবাহিক (PC), ব্যবহারিক সমাপনী (PF) ও বাস্তব প্রশিক্ষণ (IA) নম্বর অনলাইনে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। TC, PC ও IA নম্বর প্রতিষ্ঠান কর্তৃক এবং PF নম্বর কেন্দ্র কর্তৃক প্রেরণ করতে হবে।

ক্রমিক নং	বিষয়ের নাম	বিষয় কোড	TC (মোট নম্বর)	PC (মোট নম্বর)	PF (মোট নম্বর)
১.	বাংলা-২	১৯২১/১৭২১	৪০	-	-
২.	ইংরেজী-২	১৯২২	৪০	-	-
৩.	গণিত-২	১৯২৩	৪০	-	-
৪.	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-২	১৯২৪	৪০	-	-
৫.	পদার্থ বিজ্ঞান-২	১৯২৫	২০	১২	১৩
৬.	রসায়ন বিজ্ঞান-২	১৯২৬	২০	১২	১৩
৭.	আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ	১৯২৮	২০	-	-
৮.	শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা-২	১৯২৯	-	২৫	২৫
৯.	ধর্ম ও নৈতিক শিক্ষা-২	১২২১-২৪	২০	-	-
১০.	আরবী-২	১৭২৪	৪০	-	-
১১.	কোরআন মাজিদ ও তাজবিদ-২	১৭২৭	৪০	-	-
১২.	হাদিস শরিফ ও ফিকাহ-২	১৭২৮	৪০	-	-
১৩.	ট্রেড-১ (২য় পত্র)	**২৩	৪০	৫০	৫০
১৪.	ট্রেড-২ (২য় পত্র)	**২৪	৪০	৫০	৫০
১৫.	উচ্চতর গনিত-২	১৩২১	৩০	১২	১৩
১৬.	হিসাব বিজ্ঞান-২	১৩২২	৪০	-	-
১৭.	ভূগোল ও পরিবেশ-২	১৩২৩	৪০	-	-
১৮.	কৃষি শিক্ষা-২	১৩২৪	৩০	১২	১৩
১৯.	ইসলামের ইতিহাস-২	১৩২৫	৪০	-	-
২০.	কম্পিউটার এপ্লিকেশন-২	১৯২৭	-	২৫	২৫
২১.	শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ (IA)	**৮২	-	-	৫০

**** ট্রেড কোড নম্বর।**